কোনো মুসলিম যদি অপর কোনো মুসলিম রোগীকে সকাল বেলায় দেখতে যায় তবে সন্ধ্যা পর্যন্ত তার জন্য সত্তর হাজার ফিরিশতা দো‘আ করতে থাকেন।

আলী ইবন আবি তালিব রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, “কোনো মুসলিম যদি অপর কোনো মুসলিম রোগীকে সকাল বেলায় দেখতে যায় তবে সন্ধ্যা পর্যন্ত তার জন্য সত্তর হাজার ফিরিশতা দো‘আ করতে থাকেন। আর যদি সন্ধ্যার সময় কোনো মুসলিম রোগীকে দেখতে যায় তবে তার জন্য সকাল পর্যন্ত সত্তর হাজার ফিরিশতা দো‘আ করতে থাকেন। আর তার জন্য জান্নাতে একটি ফলের বাগান হবে।”
[সহীহ] [এটি ইবন মাজাহ বর্ণনা করেছেন। - এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন। -
এটি আহমাদ বর্ণনা করেছেন।]

হাদীসের অর্থ হলো, কোনো মুসলিম যদি তার কোনো অসুস্থ মুসলিম ভাইকে দেখতে যায় তাহলে সে যতক্ষণ সেখানে থাকবে ততক্ষণ সে জান্নাতের ফলের বাগানে থাকবে। আল্লাহর অনুগ্রহ অনেক প্রশস্ত ও ব্যাপক। এ হাদীসটিতে রোগীর সেবা করার ফযীলত বর্ণনা করা হয়েছে। সে সকাল বেলায় রোগীর সেবা করলে তার জন্য অনুরূপ প্রতিদান আবার সন্ধ্যা বেলায় রোগীর সেবা করলেও তার জন্য রয়েছে অনুরূপ সাওয়াব।

https://sunnah.global/hadeeth/bn/show/6256